



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।  
কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ  
ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),  
www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং- জেএসসি/এসএসসি রেজিঃ/২০১৯/২৩১০

তারিখঃ ২৮/০৫/২০২০ খ্রিঃ

### জরুরী বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০২০ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF পূরণের মাধ্যমে)  
রেজিস্ট্রেশন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২০ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য ইতোপূর্বে বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল যা পরবর্তীতে করোনা পরিস্থিতির কারণে স্থগিত করা হয়। এতদ্বারা উক্ত স্থগিতাদেশ প্রত্যাহার করা হলো এবং দেশের সার্বিক অবস্থা বিবেচনায় ২০২০ সালের জেএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বিলম্ব ফি ব্যতীত আগামী ১৯/০৬/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে ২০২০ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে বা এর ফলে শিক্ষার্থীর কোন সমস্যা হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

বি.দ্র. স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণপূর্বক রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদনের জন্য প্রতিষ্ঠান প্রধানগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো। তাছাড়া করোনা পরিস্থিতি বিবেচনায় বোর্ড কর্তৃপক্ষ উপর্যুক্ত সময়সূচি পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রাপকঃ অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
অত্র বোর্ডের অনুমোদিত প্রতিষ্ঠানসমূহ


স্বাঃ  
(ড. মোঃ দিদারুল ইসলাম)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

মেমো নং- ২৩১০(৫)

তারিখঃ ২৮/০৫/২০২০ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- ৩। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
- ৪। সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ। ( বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। অফিস কপি।

  
28.05.2020  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

